



অভিবাসী নিউ ইয়র্কদের জন্য সংস্থান নির্দেশিকা

নিউ ইয়র্ক সিটি অভিবাসন স্থিতি নির্বিশেষে তার সব বাসিন্দাকে সহায়তা করে। এক ফোনেই বা এক ক্লিকেই পেয়ে যাবেন 200 টির বেশি ভাষায় সহায়তা। শুরু করার জন্য একটি দ্রুত উপরিচিত্র এখানে রয়েছে:

অভিবাসন সংক্রান্ত আইনি সাহায্য

- বিনামূল্যে নিরাপদে অভিবাসন সংক্রান্ত আইনি সাহায্যের জন্য ActionNYC 1-800-354-0365 নম্বরে সোমবার থেকে শুক্রবার সকাল 9টা- সন্ধ্যার 6টার মধ্যে ফোন করুন
- বিনামূল্যে নাগরিকত্ব আবেদনের সহায়তা ও আর্থিক পরামর্শের জন্য 311 নম্বরে ফোন করে “Citizenship Appointment” (“সিটিজেনশিপ অ্যাপয়েন্টমেন্ট”) বলুন এবং NYC.gov/NYCitizenship তে যান, নির্বাচিত সরকারি লাইব্রেরিতে উপলভ্য
- গ্রাহকদের থেকে অনৈতিক সুবিধা গ্রহণকারী লাইসেন্সবিহীন অভিবাসন পরিষেবা প্রদানকারীদের থেকে সাবধান থাকুন। শুধুমাত্র বিশ্বস্ত, লাইসেন্সপ্রাপ্ত অ্যাটর্নি অথবা সর্বজনস্বীকৃত প্রতিনিধির থেকে সহায়তা গ্রহণ করুন। এই সম্বন্ধে পল্ল থাকলে, সোমবার থেকে শুক্রবার পর্যন্ত সকাল 9টার থেকে রাত্রি 8টা পর্যন্ত নিউ আমেরিকানস হটলাইন 1-800-566-7636 এ কল করুন।

পরিবার সুবক্ষা ও ক্ষমতায়ন



স্বাস্থ্য পরিষেবা

কখনও কখনও কারও সহায়তার প্রয়োজন হয়, কেউ একা সংগ্রাম করে না। সমস্ত সরকারি হাসপাতাল এবং ক্লিনিক ও অন্যান্য সুলভ মূল্যের ক্লিনিকে কম-খরচায় আপৎকালীন এবং আপৎকালীন-ছাড়া স্বাস্থ্য পরিষেবা পাওয়া যায়। NYC Well হলো নিউ ইয়র্ক সিটির মানসিক স্বাস্থ্য এবং/অথবা মাদকসক্তির সমস্যায় আক্রান্ত মানুষদের জন্য বিনামূল্যের, গোপনীয় সহায়তা, সঙ্কটের সময় সহায়ক একটি তথ্য ও রেফারেল পরিষেবা। এই পরিষেবা 365 দিনের 24 ঘন্টা সপ্তাহে 7 দিন 200+ ভাষায় উপলভ্য। 1-888-NYC-Well এ ফোন করুন অথবা WELL লিখে 65173 নম্বরে টেক্সট করুন।



শিশু পরিচর্যা

বিনামূল্যের বা স্বল্প মূল্যের শিশু পরিচর্যা। স্বল্প উপার্জনকারী 6 সপ্তাহ থেকে 12 বছর বয়সের শিশু সহ পরিবারগুলি বিনামূল্যে বা কম খরচে বাচ্চার দেখাশোনার সুবিধা পেতে পারেন। আরও জানতে NYC.gov/ACS এ যান বা 311 নম্বরে ফোন করুন।



শিক্ষা

স্কুলে আপনার বাচ্চাকে ভর্তি করুন। অভিবাসন স্থিতি বা ভাষা নির্বিশেষে নিউ ইয়র্ক সিটির প্রত্যেকটি বাচ্চার সরকারি শিক্ষা পাওয়ার অধিকার আছে। যে সব বাচ্চার 4 বছর বয়স হয়েছে বা 4 বছর বয়স হতে চলেছে, তারা প্রি-K (Pre-K) এর যোগ্য। সমস্ত বাসিন্দাদের অধিকার আছে 5 বছর বয়স থেকে সরকারী বিদ্যালয়ে পড়ার স্নাতক হওয়া পর্যন্ত অথবা শিক্ষা বর্ষের শেষ অবধি যখন তাদের বয়স 21 হবে। 3-K, প্রি-K (Pre-K) বা যে কোনও DOE স্কুলে নথিভুক্ত হতে, 311 এ ফোন করুন বা schools.nyc.gov/enrollment এ যান।



জরুরি খাদ্য ও আশ্রয়

যাদের প্রয়োজন তাদের জন্য বিনামূল্যের খাবার। NYC জুড়ে বিভিন্ন অবস্থান বিনামূল্যে খাদ্য প্রদান করে সেই সব মানুষকে যাদের তা প্রয়োজন। গৃহভিত্তিক (Homebase) প্রকল্প বাসিন্দাদের সাহায্য করে আশ্রয় ব্যবস্থায় প্রবেশ করা থেকে বিরত থাকতে। আরও জানতে NYC.gov/Homebase এ যান বা 311 নম্বরে ফোন করুন।

আমাদের সম্প্রদায়সমূহকে সুবক্ষিত রাখা



জন নিরাপত্তা

সিটি অভিবাসী বলবৎকরণ করে না। নিউ ইয়র্ক পুলিশ বিভাগ NYPD অপরাধের শিকার, সাক্ষী বা অন্যান্য মানুষদের যারা সাহায্য চান তাদের অভিবাসী স্থিতি সম্বন্ধে কোনও প্রশ্ন করেন না। এমন কেউ, যিনি ঘৃণা অপরাধের শিকার হয়েছেন, অথবা যিনি নিশ্চিত নন, তাহলে তার উচিত NYPD-র সাথে যোগাযোগ করা। সরাসরি NYPD হেট ক্রাইম টাস্ক ফোর্সের (Hate Crimes Task Force) সাথে যোগাযোগ করতে গেলে, 1-646-610-5267 নম্বরে ফোন করুন।



বৈষম্যের বিরুদ্ধে সুবক্ষা

নিউ ইয়র্কবাসীদের কর্মস্থলে, আবাসন এবং প্রকাশ্য এলাকায় যে কোনও রকম বেআইনি বৈষম্য, প্রতিহিংসা এবং হয়রানি থেকে মুক্ত থাকার অধিকার আছে। অভিযোগ করতে বা আরো বেশি জানতে, 311 বা নিউ ইয়র্ক শহরের মানবাধিকার কমিশন (NYC Commission on Human Rights) 1-718-722-3131 নম্বরে ফোন করুন।

বিনামূল্যের আপনার IDNYC - পরিচয়পত্র পান



আপনার IDNYC পেতে, আজই আপনার অ্যাপয়েন্টমেন্ট করুন। 311 নম্বরে ফোন করে “IDNYC” বলুন বা NYC.gov/IDNYC এ যান। IDNYC হলো 10 বছর বয়সী নিউ ইয়র্কবাসীদের জন্য বিনামূল্যের পরিচয়পত্র এবং এতে আছে একগুচ্ছ সুবিধা। IDNYC অভিবাসী স্থিতি সম্বন্ধে তথ্য সংগ্রহ করে না এবং আবেদনকারীর তথ্য গোপনীয় রাখে। সিটি আইনের সম্পূর্ণ ব্যাপ্তি অবধি IDNYC তথ্য সুরক্ষা করবে।

আপনি ফোনে যোগাযোগ করুন, অনলাইনে যোগাযোগ করুন বা নিজে এসে যোগাযোগ করুন না কেন মেয়রের অভিবাসী বিষয়ক অফিস (Mayor’s Office of Immigrant Affairs) সর্বদা আপনার সাহায্যের জন্য রয়েছে। সোমবার থেকে শুক্রবার সকাল 9টা থেকে বিকাল 5টার মধ্যে 1-212-788-7654 নম্বরে সরাসরি আমাদের যোগাযোগ করুন। অথবা তিনটি NYC অভিবাসী ইনফরমেশন ডেস্কের একটিতে যান, ঠিকানার জন্য দেখুন: NYC.gov/ImmigrantInfoDesk |